গাংনীতে নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের কমিটি গঠন

মেহেরপুরের গাংনী উপজেলায় নারী নির্যাতন প্রতিরোধগমের মতবিনিময় সভা ও কমিটি পূন:গঠন করা হয়েছে।

আজ সোমবার (২৩শে সেপ্টেম্বর) সকাল ১১ টার সময় গাংনী পল্লী উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষে মতবিনিময় সভা ও কমিটি পূন:গঠন করা হয়।

গাংনী উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান লায়লা আনজুমান বানুর সভাপতিত্বে স্বাগত বক্তব্য সহ প্রোগ্রামের লক্ষ্য উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার ফাইমা আক্তার।

এ সময় উক্ত সভায় আলোচনা করেন সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম, ব্যবসায়ী মোঃ সুলেরি আলভী, নাজমা খাতুন প্রমূখ।

সভায় উন্মুক্ত আলোচনার মধ্য দিয়ে ৩১ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির সভাপতি হিসেবে নির্বাচিত হন সাহারবাটি ইউনিয়নের সাবেক ইউপি চেয়ারম্যান মোঃ আসাদুজ্জামান বাবলু, সহসভাপতি নির্বাচিত হন লায়লা আনজুমান বানু ও সহসভাপতি সুলেরি আলভী, সাংগঠনিক সম্পাদক আমিরুল ইসলাম অল্ডাম।

অনুষ্ঠাটি পরিচালনা করেন মউকের প্রোগ্রাম অফিসার মো: গোলাম আম্বিয়া ও মোঃ আবুল কালাম।

শিক্ষক সমিতির মুজিবনগর উপজেলা শাখার কমিটি গঠন

বাংলাদেশ শিক্ষক সমিতি মুজিবনগর উপজেলা শাখার কমিটি গঠন করা হয়েছে। আজ বৃহস্পতিবার বিকেলে মুজিবনগর উপজেলার গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের হলরুমে এই শিক্ষক সমিতির কমিটি গঠন

অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে জয়পুর-তারানগর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আজিজুল হক এর সভাপতিত্বে, জেলা কমিটির সদস্য বৃন্দুর উপস্থিতে আলোচনা সভার মাধ্যদিয়ে এই কমিটি গঠন করা হয়। সর্বসম্মতি ক্রমে গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহিরুল ইসলাম কে সভাপতি, মুজিবনগর আম্রকানন মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক শরিফুল ইসলাম কে সাধারণ সম্পাদক ও এম এম একাডেমী এর সহকারী শিক্ষক বায়েজিদকে সাংগঠনিক সম্পাদক নির্বাচিত করা হয়।

আলোচনা শেষে অনুষ্ঠানের সভাপতি আজিজুল হক কমিটির ঘোষণা করেন।

ঝিনাইদহ ইটভাটা মালিক সমিতির কমিটি গঠন সভাপতি এম.এ মজিদ ও সম্পাদক রুহুল কুদ্দুস

ঝিনাইদহ ইটভাটা মালিক সমিতির বার্ষিক সাধারণ সভা ও কমিটি গঠন করা হয়েছে। আজ বুধবার (১৮ সেপ্টেম্বর) দুপুরে শহরে জোহান ড্রীম ভ্যালী পার্ক মিলনায়তনে সংগঠনটির এ সভা ও কমিটি গঠন অনুষ্ঠিত হয়।

সভায় ইটভাটা মালিক সমিতির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সহ-সভাপতি রহুল কুদ্দুস, মোয়াজ্জেম হোসেন, খলিলুর রহমান, উসমান আলীসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, বৈষম্যহীন বাংলাদেশ গড়তে যার যার অবস্থান থেকে কাজ করার আহবান জানান। সাথে ইটভাটা ব্যবসায়ে কয়লা সিন্ডিকেট রোধ, অযথা হয়রানি, লাইসেন্স প্রাপ্তি ও নবায়নে হয়রানি বন্ধের আহবান জানান।

ইটভাটা মালিক সমিতির বার্ষিক সাধারণ সভা শেষে সকলের সম্মতিক্রমে এ্যাডভোকেট এমএ মজিদকে সভাপতি ও রুহুল কুদ্দুসকে সাধারণ সম্পাদক করে ৩১ সদস্য বিশিষ্ঠ কমিটি গঠন করা হয়।

দর্শনা রামাযুস ক্লাবের কমিটি গঠন ছাত্তার সভাপতি মুক্ত সম্পাদক

দর্শনা রামনগর মাথাভাঙ্গা যুব সংঘের দ্বি-বার্ষিক কমিটি গঠন করা হয়েছে। আজ শুক্রবার বিকালে দর্শনা মেমনগর মাঠে অনুষ্ঠিত কমিটি গঠন সভার সভাপতিত্ব করেন রামাযুসের আহ্বায়ক আব্দুল্লাহ।

আলোচনা করেন, জহির রায়হান, ফারুক আহমেদ, হানিফ মন্ডল, আশরাফুল আলম আসান, মনিরুজ্জামান রুনু, জাহান আলী, হাসান মাস্টার, আনোয়ার হোসেন প্রমুখ।

পরে সর্বসম্মতিক্রমে আব্দুছ ছাত্তার সভাপতি ও মোস্তাফিজুর রহমান মুক্তকে সাধারণ সম্পাদক করে ১৫০ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটির সহ-সভাপতি সুজন আহমেদ, সনজারুল, সহসম্পাদক জুয়েল রানা ও জাকির হোসেন। সার্বিক অনুষ্ঠানটি উপস্থাপনা করেন সাংগঠনিক সম্পাদক সবুজ হোসেন।

মেহেরপুর তহবাজার ব্যবসায়ী সমিতির কমিটি গঠন

মেহেরপুর তহবাজার ব্যবসায়ী সমিতির কমিটি গঠন করা হয়েছে। গতকাল শনিবার বিকালের দিকে মোঃ আব্দুস সামাদ সভাপতি ও মোঃ হাফিজুর রহমানকে সাধারণ সম্পাদক করে এ কমিটি গঠন করা হয়।

কমিটির বাকি সদস্যরা হলো, সিনিয়র সভাপতি হাজী মোঃ আব্দুল লতিব, সহ সভাপতি মোঃ রুহুল আমিন, যুগ্ম সম্পাদক মোঃ রনি মিয়া, সহ সম্পাদক মোঃ সাহেব আলী, সাংগঠনিক সম্পাদক মোঃ নাছিম খাঁন,

প্রচার সম্পাদক মোঃ রাশেদুজ্জামান বাপ্পি, দপ্তর সম্পাদক মোঃ আবু সাঈদ, ক্রীড়া সম্পাদক মোঃ আবুল কালাম আজাদ টিটু, অর্থ সম্পাদক আব্দুল মতিন, নির্বাহী সদস্য মোঃ লিটন মিয়া, মোঃ আনিছুর রহমান ভুলু, মোঃ মফিজুল ইসলাম, মোঃ নিরু মোল্লা, আলি হোসেন, শ্রী পানা হালদার।

এ ছাড়াও প্রধান উপদেষ্টা মোঃ আনারুল হক কালুসহ উপদেষ্টা মোঃ আহসান হাবিব, আব্দুস সাত্তার মিয়া, তারিফ খাঁন, আফতাব উদ্দিনকেও কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়।

দর্শনায় বিভিন্ন থানার ক্লিনিক মালিক সমিতির কমিটি গঠন

চুয়াডাঙ্গার দর্শনা শাপলা পার্ক এ্যাণ্ড পিকনিক কর্ণারে গতকাল সোমবার বিকাল ৫টায় দর্শনা, দামুড়হুদা ও জীবননগর থানা ক্লিনিক মালিক সমিতির কমিটি গঠন করা হয়েছে। জালাল উদ্দিনের সভাপতিত্বে আলোচনা শেষে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এসব কমিটি গঠণ করেন চুয়াডাঙ্গা জেলা ড্যাপের সভাপতি ডাক্তার হাসানুজ্জামান নুপুর।

দর্শনা থানা ক্লিনিক মালিক সমিতির সভাপতি নির্বাচিত হয়েছেন মো. জালাল উদ্দিন, সহসভাপতি ইমতিয়াজ হোসেন, সাধারণ সম্পাদক এনামুল কবির, সহসাধারণ সম্পাদক সোহেল ও সাংগাঠনিক সম্পাদক আলো।

জীবননগরে সভাপতি আ.মান্নান সভাপতি, সহ-সভাপতি শরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক জাকির আহম্মেদ, সহসাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম সাংগাঠনিক সম্পাদক সুজা উদ্দিন, দপ্তর সম্পাদক শরিফুল ইসলাম ও কোষাধক্য হুমায়ুন কবির।

দামুড়হুদায় সভাপতি আ. খালেক, সহ-সভাপতি জহির উদ্দিন, সাধারণ সম্পাদক মামুন আর রশিদ শান্ত, সহসাধারণ সম্পাদক হেলাল উদ্দিন, সাংগাঠনিক সম্পাদক আবুল কাশেম ও কোষাধক্য তাজদ্দিন বিশ্বাস।

আলমডাঙ্গায় আর এম পি ওয়েলফেয়ার এসোসিয়েশনের মতবিনিময় সভা ও কমিটি গঠন

আলমডাঙ্গা আর এম পি ওয়েলফেয়ার এসোসিয়েশন এর আয়োজনে মতবিনিময় সভা ও কমিটি গঠন করা হয়েছে।

আজ আলমডাঙ্গা থানাপাড়া কমিউনিটি সেন্টারে সকাল ১০ টার সময় এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গা কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সভাপতি আলি আকবার আকুর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ প্যারামেডিকেল এন্ড টেকনোলজি ফাউন্ডেশন এর চেয়ারম্যান এ কে আজাদ ইফতিয়ার। অনুষ্ঠানে প্রধান আলোচক বাংলাদেশ স্বাস্থ্য অধিদপ্তরের সহকারী পরিচালক ডা: হাদী জিয়াউদ্দিন আহমেদ। বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি শাহ আলম মণ্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সিনিয়র সাংবাদিক প্রশান্ত বিশ্বাস।

পল্লি চিকিৎসক আবু জাফরের উপস্থাপনায় বক্তব্য রাখেন পল্লি চিকিৎসক পাপ্পু,পল্লি চিকিৎসক ইমন,পল্লিচিকিৎসক সহিদুল ইসলাম, পল্লি চিকিৎসক আকমান আলি পল্লি চিকিৎসক লালটু রহমান ডেন্টিস কাজী সজীব প্রমুখ।

অনুষ্ঠানে শেষে আলমডাঙ্গা উপজেলার ১৫ টি ইউনিয়নের কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদমের নাম ঘোষণা করা হয়। এর পর আলমডাঙ্গা পৌর সভায় আব্দুল খালেক কে সভাপতি ও কাজী সজীব কে সাধারণ সম্পাদক নির্বাচিত করে ১৭ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়। সর্বশেষ জিনারুল ইসলাম কে আলমডাঙ্গা উপজেলা কমিটির সভাপতি ও আতিক বিশ্বাস কে সাধারণ সম্পাদক নির্বাচিত করে তাদের নাম ঘোষণা করেন অনুষ্ঠানের সভাপতি আলি আকবার আকু।

অনুষ্ঠানে প্রধান আলোচক ডা: জিয়াউদ্দিন আহমেদ বলেন সকল পল্লি চিকিৎসক কে এক ছাতার তলে এসে ঐক্যবদ্ধ হতে হবে। তাদের কে

পর্যায়ক্রমে বিভিন্ন ভাবে প্রশিক্ষণ নিয়ে অভিজ্ঞতা অর্জন করতে হবে।তার জন্য আমি সকল সহোযোগিতা করতে প্রস্তুত।

মেহেরপুরে জাগো বাঙালি সংগঠনের কমিটি গঠন

মেহেরপুরে ২১ সদস্য বিশিষ্ট জাগো বাঙালি সংগঠনের ব্যবস্থাপনা পরিচালনা কমিটি গঠন করা হয়েছে।

আজ শুক্রবার (১৯এপ্রিল) বিকেলে ছহিউদ্দিন ডিগ্রি কলেজ মাঠ প্রাঙ্গনে এ নতুন কমিটি গঠন করা হয়।

সভাপতি তূর্য বিশ্বাস ও সাধারণ সম্পাদক মোঃ রাকিবকে করে এই ২১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।
কমিটিতে তামিম মাহমুদ, শামীম, মোঃ মোসলেম (মিল) আব্দুল লতিফ, রফিকুল ইসলাম (মদন), মোঃ আজিজুল হক, মোঃ সুজন খান, ওয়ালিউল হক লিজন বিশ্বাসকে উপদেষ্টা করা হয়।

এছাড়াও সহ-সভাপতি আব্দুস সালাম কুমার, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আশরাফুল, সাংগঠনিক সম্পাদক মোঃ সবিজ, দপ্তর সম্পাদক মোঃ সাইফুল ইসলাম শুভ, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক মোঃ এস এম মিলন, শিল্প ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ রাসেল, ক্রিয়া বিষয়ক সম্পাদক মোঃ রুবেল, প্রচার সম্পাদক মোঃ আরিফুল, ধর্ম বিষয়ক সম্পাদক মোঃ আহসান হাবীব আশিক, ক্যাশিয়ার মোঃ শিমুল, সমবায় ও ত্রাণ সম্পাদক মোঃ তানিম, সমাজকল্যাণ সম্পাদক মোঃ সোহেল, আইন বিষয়ক সম্পাদক মোঃ সাঈদ, শিক্ষা বিষয়ক সম্পাদক মোঃ সুরুজ্জামান (ছোটন) করা হয়।

কার্যনির্বাহী সদস্য হিসেবে সাগর, রাব্বি,স্বাধীন, সজল, বিপ্লব, স্বপন এর নাম ঘোষণা করা হয়।

মুজিবনগর উপজেলা ছাত্রলীগের কমিটি গঠন

মেহেরপুরের মুজিবনগর উপজেলা ছাত্রলীগের আংশিক কমিটির অনুমোদন দিয়েছে জেলা ছাত্রলীগ। গতকাল শনিবার (১৩ এপ্রিল) জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধঁন ও সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুল সাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ইমাম হোসেন ইমনকে সভাপতি ও স্বপন গাজিকে সাধারণ সম্পাদক করে আগামী এক বছর জন্য মুজিবনগর উপজেলা ছাত্রলীগের ৬ সদস্য বিশিষ্ট আংশিক কমিটির অনুমোদন দেয়া হলো। কমিটির অন্য সদস্যরা হলো, সহসভাপতি ইশতিয়াক হোসেন লিমন, ওমর শরিফ উৎসর্গ, যুগ্ম সাধারণ সম্পাদক ইশতিয়াক আহমেদ ও সাংগঠনিক সম্পাদক সায়েম খন্দকার।

জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধঁন জানান, আংশিক কমিটির অনুমোদন দেয়া হয়েছে। সেই সাথে পূর্নাঙ্গ কমিটির তালিকা অতি দ্রুত দেয়ার নির্দেশ দেয়া হয়েছে।

ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার কমিটি গঠন

ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার ২০২৪ সেশনের নব্য গঠিত আহ্বায়ক কমিটি গঠন ও জেলা সম্মেলন অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার (১১ই মাচ) দুপুর ২ টার সময় আশারায়ে মোবাশ্বারা মাদরাসায় জেলা সম্মেলন অনুষ্ঠিত হয়।